

বিজ্ঞপ্তি

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে সকল ইউনিটে বিভিন্ন কোটায় উত্তীর্ণ ভর্তিচ্ছু শিক্ষার্থীদের সাক্ষাৎকার

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য আদেশক্রমে জানানো যাচ্ছে যে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে সকল (A, B, C ও D) ইউনিটের ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ বিভিন্ন কোটায় ভর্তিচ্ছু শিক্ষার্থীদের সাক্ষাৎকার নিম্নে উল্লিখিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে।

কোটায় সাক্ষাৎকার গ্রহণের সময়সূচি (সকল ইউনিট)

তারিখ	কোটার নাম	সাক্ষাৎকারের সময়	স্থান	মন্তব্য
১০.১২.২০১৭ (রবিবার)	মুক্তিযোদ্ধা ঃ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা	সকাল ১০:০০ টা	ব্যবসায় প্রশাসন অনুষদ অডিটোরিয়াম	
১১.১২.২০১৭ (সোমবার)	ওয়ার্ড অ-উপজাতি	সকাল ১০:০০ টা সকাল ১১:০০ টা	ব্যবসায় প্রশাসন অনুষদ অডিটোরিয়াম	
১২.১২.২০১৭ (মঙ্গলবার)	নৃ-গোষ্ঠী (উপজাতি) অনথসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠী	সকাল ১০:০০ টা		
	শারীরিক প্রতিবন্ধী দলিত জনগোষ্ঠী বিকেএসপি পেশাদার খেলোয়াড়	সকাল ১১:০০ টা	ব্যবসায় প্রশাসন অনুষদ অডিটোরিয়াম	

কোটায় উত্তীর্ণ ভর্তিচ্ছু প্রার্থীদের নিম্নে উল্লিখিত কাগজপত্র/সনদ/ডকুমেন্ট সঙ্গে নিয়ে আসতে হবেঃ

১. পরীক্ষার্থীর স্বাক্ষরসহ “ভর্তির প্রাথমিক আবেদনের বিস্তারিত ফরম” ১কপি
২. পরীক্ষার্থীর স্বাক্ষরসহ “শিক্ষার্থীর বিভাগ/বিষয় পছন্দক্রম ফরম” ১কপি
৩. পরীক্ষার্থীর স্বাক্ষরসহ “ভর্তি পরীক্ষার প্রবেশপত্র” ১কপি
৪. পরীক্ষার্থীর ভর্তি পরীক্ষার ফলাফল বিবরণী ১ কপি
৫. পরীক্ষার্থীর এইচ.এস.সি./সম্মান পরীক্ষার মার্কশীট, সার্টিফিকেট বা প্রশংসাপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের মূল কপি
৬. পরীক্ষার্থীর এস.এস.সি./সম্মান পরীক্ষার মার্কশীট, সার্টিফিকেট বা প্রশংসাপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের মূল কপি
৭. স্ব স্ব কোটার ক্ষেত্রে ভর্তি নির্দেশিকায় বর্ণিত প্রযোজ্য সংশ্লিষ্ট কাগজপত্রের মূল কপি


বিঃদ্রঃ কোটায় উত্তীর্ণ যে সকল শিক্ষার্থী অনলাইনে “ভর্তির প্রাথমিক আবেদনের বিস্তারিত ফরম” এবং “শিক্ষার্থীর বিভাগ/বিষয় পছন্দক্রম ফরম” পূরণ করতে পারেনি সে সকল শিক্ষার্থী চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভর্তির ওয়েবসাইট: (<http://admission.eis.cu.ac.bd>) এর নোটিশ সেকশন থেকে “ভর্তির প্রাথমিক আবেদনের বিস্তারিত ফরম” এবং “শিক্ষার্থীর বিভাগ/বিষয় পছন্দক্রম ফরম” ডাউনলোডপূর্বক পূরণ করে ১কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ সাথে নিয়ে আসতে হবে।

“ভর্তির প্রাথমিক আবেদনের বিস্তারিত ফরম” এবং “শিক্ষার্থীর বিভাগ/বিষয় পছন্দক্রম ফরমে” কোটায় উত্তীর্ণ ভর্তিচ্ছু শিক্ষার্থীরা স্ব স্ব ইউনিটের তথ্য এবং প্রয়োজনে ‘প্রযোজ্য নহে’ উল্লেখ করবে।

মুক্তিযোদ্ধা কোটায় আসন শূন্য থাকা সাপেক্ষে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যার পুত্র/কন্যাদের (নাতিনাতনি) সাক্ষাৎকারে ডাকা হবে। এ সংক্রান্ত বিজ্ঞপ্তি পরবর্তীতে প্রচার করা হবে।

কোটায় উত্তীর্ণ ভর্তিচ্ছু কোন শিক্ষার্থী সাক্ষাৎকারের দিন (নির্দিষ্ট সময়ে) অনুপস্থিত থাকলে তার প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

এ সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভর্তির ওয়েবসাইটে: (<http://admission.eis.cu.ac.bd>) পাওয়া যাবে।


 (এস.এম.আকবর হোসাইন)
 ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক)
 রেজিস্ট্রার দপ্তর
 ও সচিব, ভর্তি কমিটি
 চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

/ছদর/

